# বরিশালে শিক্ষাপীঠে সন্ত্রাসীদের হামলা, ভাঙচুর ও গুলিবর্ষণ

বরিশাল থেকে জেলা বার্তা পরিবেশক ঃ গত ৩০শে ডিসেম্বর গভীর রাতে একদল সশস্ত্র সন্ত্রাসী বরিশাল সদর উপজেলার বায়লাখালী হাইস্কুলে হামলা চালিয়ে প্রধান শিক্ষকের কক্ষ ভাঙচুর, কাগজপত্র লুট, বঙ্গবন্ধুর ছবি বিনষ্ট এবং বিদ্যালয়ের একটি শ্রেণীকক্ষে অগ্নিসংযোগের চেষ্টা করে। সন্ত্রাসীরা বিদ্যালয়ের নৈশপ্রহরী আঃ খালেক মৃধাকেও মারধর করে।

১০/১৫ জনের সন্ত্রাসীদলকে প্রতিহত করতে গেলে সন্ত্রাসীরা গ্রামবাসীদের লক্ষ্য করে কয়েক রাউন্ড গুলিবর্ষণ ও কয়েকটি বোমা ফাটায়।

পরেরদিন বিদ্যালয়ের মাঠ থেকে কয়েকটি গুলির খোসা উদ্ধার করা হয়।

বিদ্যালয় কর্তৃপক্ষ জানান, এলাকার কিছু ব্যক্তির সঙ্গে বিদ্যালয়ের জমি নিয়ে মামলা মোকদ্দমা আছে। গত জুন মাসে স্থানীয় গণ্যমান্য ব্যক্তির মধ্যস্থতায় বিষয়টির সুরাহা হয়েছে। তাদের প্ররোচনাতেই এ সন্ত্রাসী তৎপরতা চালানো হয়েছে বলে তারা সন্দেহ পোষণ করেন।